



MESSAGE

HONOURABLE PRESIDENT

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

১২ ফাল্গুন ১৪২০

২৪ ফেব্রুয়ারি ২০১৪


বাণী

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়-এর ১৩তম সমাবর্তন উদযাপিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এটি নিঃসন্দেহে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক অর্জনের একটি মাইলফলক। এ উপলক্ষে আমি বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী অর্জনকারী শিক্ষার্থীবৃন্দ, অভিভাবকবৃন্দ, শিক্ষকমণ্ডলী ও বিশ্ববিদ্যালয়ের প্রশাসনকে আন্তরিক অভিনন্দন জানাই।

প্রতিষ্ঠার পর থেকে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় বাংলাদেশে উচ্চ শিক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় তার সামগ্রিক শিক্ষা, গবেষণা ও সামাজিক কার্যক্রমের মাধ্যমে দেশের বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নে যে ভূমিকা রাখছে তা প্রশংসনীয়। আমি আশা করি, নতুন স্নাতক ডিগ্রীধারীগণ স্ব-স্ব ক্ষেত্রে তাদের লব্ধ জ্ঞান, অধ্যবসায় ও সৃষ্টিশীলতা দ্বারা উৎকর্ষ সাধনে ব্রতী হবেন।

আমি ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৩তম সমাবর্তন উদযাপনের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।


মোঃ আবদুল হামিদ

13th Convocation 2014